



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

০৩ আগস্ট, ২০১৬

প্রেসবিজ্ঞপ্তি

**“প্রস্তাবিত খসড়া নাগরিকত্ব আইন (বিল) ২০১৬ - এর কিছু ধারা বাংলাদেশ সংবিধানের সাথে অসামঞ্জস্যপূর্ণ”
বাংলাদেশের নাগরিকত্ব আইন: একটি পর্যালোচনা বিষয়ক সেমিনারে ব্যারিস্টার নজরুল ইসলাম খসরু**

আজ ০৩ আগস্ট, ২০১৬ ‘বাংলাদেশের নাগরিকত্ব আইন: একটি পর্যালোচনা’ শীর্ষক একটি সেমিনার সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন-এর আর্বিট্রেশন কক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান বক্তা হিসেবে যুক্তরাজ্যের ট্রাইব্যুনাল জজ, নজরুল ইসলাম খসরু ব্যারিস্টার, বক্তব্য রাখেন। তিনি প্রস্তাবিত নাগরিকত্ব আইন নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং এ সংক্রান্ত বিদ্যমান আইনের বিভিন্ন বিষয় পর্যালোচনা করেন।

২০১৬ সালের খসড়া নাগরিকত্ব আইনটির ফলে বিদেশে বসবাসরত প্রবাসী বাঙালিদের নাগরিকত্ব প্রাপ্তি এবং জাতীয় অর্থনীতিতে বিরূপ প্রভাবের উপর বেশী গুরুত্ব আরোপ করেন। এছাড়াও বাংলাদেশ রাষ্ট্রের যারা নাগরিক নন তাদের উপরও নেতিবাচক প্রভাব পড়বে বলে বক্তারা মত প্রকাশ করেন। তবে মূল বক্তা খসড়া আইনটির ধারা ৫ উল্লেখ করে বলেন, এই আইন অনুযায়ী কোনো ব্যক্তি জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হলে এই আইনটি কার্যকর হবার অব্যবহিত পূর্বে তাদের পিতা বা মাতাকে বাংলাদেশের নাগরিক হতে হবে। ফলে শুধুমাত্র একটি প্রজন্ম নাগরিক হবার সুযোগ পাবে। শুধু তাই নয় এই আইনের ফলে প্রবাসী বাঙালিরা কোনো নির্বাচনে অংশ নিতে পারবেন না যদিও আধুনিক রাষ্ট্র ব্যবস্থায় এটি একটি রাজনৈতিক অধিকার।

উল্লেখ্য যে, বাংলাদেশে বর্তমানে নাগরিকত্ব বিষয়টি নাগরিকত্ব আইন, ১৯৫১ ও বাংলাদেশ নাগরিকত্ব সাময়িক বিধান আদেশ, ১৯৭২ দ্বারা পরিচালিত হয়। তবে বর্তমানে বাংলাদেশ সরকার এই দুটি আইনের সমন্বয়ে ‘নাগরিকত্ব আইন, ২০১৬’-এর খসড়া প্রস্তুত করে এবং যা গত ফেব্রুয়ারীতে মন্ত্রিসভা বিল আকারে সংসদে উপস্থাপনের জন্য অনুমোদন দেয়।

ব্লাস্টের অনারারী নির্বাহী পরিচালক সারা হোসেন-এর সঞ্চালনায় উক্ত সেমিনারে সভাপতিত্ব করেন ব্লাস্টের ট্রাস্টি বোর্ড সদস্য এডভোকেট জেড. আই. খান পান্না। সেমিনারে আরও উপস্থিত ছিলেন ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া, এডভোকেট মো. ইদ্রিসুর রহমান, এডভোকেট মো. আমিরুল হক, খালিদ হোসেন, রেজাউর রহমান লেনিন, আলিয়া বেগম, নাজরানা ইমাম সহ প্রমুখ।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd